

## ■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০২৫

১২/ জানাযা সম্পর্কিত (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. মৃত ব্যক্তিকে তার পরিবারবর্গের কান্নাকাটির কারণে শাস্তি দেওয়া হয়

باب الْمَيِّتُ يُعَذَّبُ بِبُكَاءِ أَهْلِهِ عَلَيْهِ

## আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ هِشَامٍ، عَنْ أَبِيهِ، قَالَ ذُكِرَ عِنْدَ عَائِشَةَ أَنَّ ابْنَ عُمَرَ، يَرْفَعُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم " إِنَّ الْمَيِّتَ يُعَذَّبُ فِي قَبْرِهِ بِبُكَاءِ أَهْلِهِ عَلَيْهِ " . فَقَالَتْ وَهَلَ إِنَّمَا قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّهُ لَيُعَذَّبُ بِخَطِيئَتِهِ أَوْ بِذَنْبِهِ وَإِنَّ أَهْلَهُ لَيَبْكُونَ عَلَيْهِ الآنَ " . وَذَاكَ مِثْلُ قَوْلِهِ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَامَ عَلَى الْقَلِيبِ يَوْمَ بَدْرٍ وَفِيهِ قَتْلَى بَدْرٍ مِنَ الْمُشْرِكِينَ فَقَالَ لَهُمْ مَا قَالَ " إِنَّهُمْ لَيَسْمَعُونَ مَا عَلَى الْقَلِيبِ يَوْمَ بَدْرٍ وَفِيهِ قَتْلَى بَدْرٍ مِنَ الْمُشْرِكِينَ فَقَالَ لَهُمْ مَا قَالَ " إِنَّهُمْ لَيَسْمَعُونَ مَا أَقُولُ اللهِ عَلَى الْقَلْمُونَ أَنَّ مَا كُنْتُ أَقُولُ لَهُمْ حَقُّ " . ثُمَّ قَرَأَتْ ( إِنَّكَ أَقُولُ لَهُمْ حَقُّ " . ثُمَّ قَرَأَتْ ( إِنَّكَ أَقُولُ لَهُمْ حَقُّ " . ثُمَّ قَرَأَتْ ( إِنَّكَ لَا تُسْمِعُ مَنْ فِي الْقُبُورِ) يَقُولُ حِينَ تَبَوَّءُوا مَقَاعِدَهُمْ مِنَ النَّارِ .

## বাংলা

২০২৫। আবৃ কুরায়ব (রহঃ) ... উরওয়া (রহঃ) বলেন, আয়িশা (রাঃ) এর কাছে উল্লেখ করা হলো যে, ইবনু উমর (রাঃ) নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন যে, "মৃত ব্যাক্তিকে কবরে তার পরিজনদের রোদনের কারণে আযাব দেয়া হয়।" আয়িশা (রাঃ) বললেন, আসল কথা হলো, রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তাকে আযাব দেয়া হয় গুনাহ বা পাপের কারণে, অথচ তার পরিবারবর্গ এখন তার উপর কান্নাকাটি করছে আর এ হল রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সে কথার অনুরূপ,তিনি বদর যুদ্ধের দিন কুপের পাড়ে দাঁড়ালেন যাতে বদরে নিহত মুশরিকদের লাশ ছিল এবং তাদের সম্বোধন করে যা বলার বলছিলেন এবং এ কথাও বলেছিলেন, নিশ্চয়ই আমি যা বলছি তারা তা শুনছো কিন্তু ইবনু উমর (রাঃ) ভুল বুঝেছেন। বস্তুত রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, কাফিররা এখন জানতে পারছে যে আমি যে সব কথা বলতাম তা সত্য। তারপর আয়িশা (রাঃ) পাঠ করলেন, তুমি তো মৃতকে শোনাতে পারবে না।" তিনি বললেন যখন তারা তাদের জাহান্নামে ঠিকানায় পৌছে যাবে।



## **English**

Hisham narrated on the authority of his father that it was mentioned to 'A'isha that Ibn 'Umar had narrated as marfu' hadith from the Messenger of Allah (ﷺ) that the dead would be punished in the grave because of the lamentation of his family for him. Upon this she said:

He (Ibn 'Umar) missed (the point). The Messenger of Allah (\*\*) had (in fact) said: He (the dead) is punished for his faults or for his sins, and the members of his family are wailing for him now. (This misunderstanding of Ibn 'Umar is similar to his saying: ) The Messenger of Allah (\*\*) stood by the well in which were lying the dead bodies of those polytheists who had been killed on the Day of Badr, and he said to them what he had to say, i. e.: They hear what I say. But he (Ibn 'Umar) misunderstood. The Prophet (\*\*) had only said: They (the dead) understand that what I used to say to them was truth. She then recited:" Certainly, thou canst not make the dead hear the call" (xxvii. 80), nor can you make those hear who are in the graves, nor can you inform them when they have taken their seats in Hell.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন